দৈনিক ইত্তেফাক

তারিখ ... 17 NOV 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

25

# এইচএসসি ঃ রাজশাহী বোর্ডে পাসের হার ২৭·৩৯ ভাগ

(ইত্তেফাক রিপোর্ট)

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার (এইচ এস সি) ফল

ফলাফল ১১শ পৃষ্ঠায়

গতকাল (বৃহস্পতিবার) প্রকাশিত হইয়াছে। মোট ৬৬ হাজার ৭৭৪ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশগ্রহণ করে। তন্মধ্যে ১৮ হাজার

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বোর্ড

(১ম পৃঃ পর)

২৯৫ জন পাস করে। পাসের শতকরা হার ২৭ দশমিক ৩৯।

মানবিক শাখায় মোট ৩৩ হাজার ৬৬২ জন পরীক্ষার্থী অংশ নেয়। ২২৪ জন প্রথম বিভাগে, ৩ হাজার ২০৯ জন দ্বিতীয় বিভাগে এবং ৪ হাজার ২০২ জন তৃতীয় বিভাগে পাস করে। পাসের শতকরা হার ২২ দশমিক ৬৮। মানবিক বিভাগে পুরুষ ও মহিলা পরীক্ষার্থীর সংখ্যা ছিল যথাক্রমে ২১ হাজার ৭৪৩ এবং ১১ হাজার ৯১৫।

বিজ্ঞান শাখায় ১৭ হাজার ২৯৪ জন পুরুষ এবং ২ হাজার ৮৪১ জন মহিলাসহ মোট ২০ হাজার ১৩৫ জন পরীক্ষার্থী অংশ নেয়। ১ হাজার ৩৫৫ জন প্রথম বিভাগে, ৪ হাজার ৫৪৭ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ৬৭১ জন তৃতীয় বিভাগে পাস করে। পাসের শতকরা হার ৩৭ দশমিক ৬১।

বাণিজ্য শাখায় মোট পরীক্ষার্থী ছিল ১২ হাজার ৯৭৭ জন। ৬৭ জন প্রথম বিভাগে, ১ হাজার ৭৫০ জন দ্বিতীয় বিভাগে এবং ১ হাজার ২৭০ জন তৃতীয় বিভাগে পাস করে। পাসের শতকরা হার ২৩ দশমিক ৭৮। এই শাখায় পুরুষ ও মহিলা পরীক্ষার্থী ছিল যথাক্রমে ১২ হাজার ৩১০ এবং ৬৬৫।

### বিশেষ সাফল্য

রাজশাহী বোর্ডের এবারের এইচ এস সি পরীক্ষায় মেধা তালিকায় সবচাইতে বেশী স্থান দখল করিয়াছে রাজশাহী কলেজের ছাত্র-ছাত্রীরা। মানবিক শাখার মেধা তালিকায় এই কলেজের ছাত্র-ছাত্রীর সংখ্যা ১১ জন। বিজ্ঞান শাখার মেধা তালিকায় এই কলেজের ৯ জন ছাত্র-ছাত্রী স্থান লাভ করে।